**Department of Patents, Industrial Designs and Trademarks**

**Ministry of Industries**

# THE GEOGRAPHICAL INDICATION (GI) JOURNAL

## “ভোলার মহিষের দুধের কাঁচা দই”

**GI Journal No. 35**

**Published on :** 20 JUN 2024

**www.dpdt.gov.bd**

পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
ডকেট নং-
তাং- ২০।০৬।২৪
(ক) পরিচালক (প্রঃ ও অর্থ)
(খ) পরিচালক (পেঃ ও ডিঃ)
(গ) পরিচালক (ট্রেডমার্কস)
(ঘ) পরিচালক (ডাব্লিউটিও)
(ঙ) পরিচালক (জি আই)
(চ) সিস্টেম এনালিস্ট
(ছ) উপপরিচালক (প্রঃ ও অর্থ)
মহাপরিচালক

---

Department of Patents, Industrial Designs and Trademarks
Shilpa Bhaban, 91 Motijheel, Dhaka, Bangladesh

# ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন আবেদনের পদ্ধতি

১। আবেদনপত্র ঃ

(১) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য প্রত্যেকটি আবেদনপত্র নির্ধারিত ফরমে নির্ধারিত ফিসহ এক শ্রেণির পণ্যের জন্য জিআই ফরম-০১ এবং একাধিক শ্রেণির পণ্যের জন্য জিআই ফরম-০২ এ আবেদন করিতে হইবে।

(২) প্রত্যেকটি আবেদনপত্র আবেদনকারী তারিখ উল্লেখপূর্বক স্বাক্ষর করিবেন।

(৩) প্রতিটি আবেদনপত্রের তিন কপির সহিত অতিরিক্ত পাঁচ কপি প্রতিলিপি দাখিল করিতে হইবে।

(৪) প্রতিটি আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট পণ্যের পাঁচটি নমুনা দাখিল করিতে হইবে।

২। ফি ঃ

(১) ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে তফসিল-০১ এ উল্লিখিত ফি অনুসারে ফি প্রদান করিতে হইবে।

(২) ফি মহাপরিচালক বরাবর বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা যাইবে।

(৩) যে ক্ষেত্রে দলিল দাখিলের জন্য ফি প্রদেয়, সেই ক্ষেত্রে ফি প্রদান ব্যতিরেকে বা অপর্যাপ্ত ফি পরিশোধ করা হইলে, উক্তরূপ দলিলাদি বিধিসম্মতভাবে দাখিল করা হয় নাই বলিয়া গণ্য করা হইবে।

৩। ভাষা ঃ

(১) সকল আবেদনপত্র বাংলা অথবা ইংরেজি ভাষায় লিখিত হইতে হইবে।

(২) আবেদনপত্রের কাগজ ও কালি পাঠযোগ্য, টেকসই, স্থায়ী প্রকৃতির ও উন্নতমানের হইতে হইবে।

৪। আবেদনপত্রে স্বাক্ষর ঃ

(১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদনপত্র এবং অন্যান্য দলিল নিম্নবর্ণিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে, যথা ঃ-

(ক) ব্যক্তিসংঘ বা উৎপাদনকারী সংগঠনের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ;

(খ) কোন কর্পোরেট বডি, আইনের অধীন প্রতিষ্ঠিত কোন সংগঠন বা কর্তৃপক্ষের ক্ষেত্রে, উক্তরূপ বডি বা সংগঠন বা কর্তৃপক্ষের পক্ষে উহার প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা, ক্ষেত্রমত, ব্যবস্থাপনা পরিচালক অথবা সচিব অথবা প্রধান কর্মকর্তা ;

(২) স্বাক্ষরকারী ব্যক্তি কর্তৃক স্বাক্ষরের নিম্নে-

(ক) তাহার পদবি বা পদমর্যাদা ; এবং

(খ) বাংলা বর্ণে অথবা বড় হাতের ইংরেজি বর্ণে, তাহার পূর্ণাঙ্গ নাম ; স্পষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

**৫। আবেদনপত্রে ব্যবহারকারীর বিবৃতি ঃ**

কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন অথবা পণ্যের বৈধ ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের জন্য প্রত্যেক আবেদনপত্রে পণ্যটি কোন সময়কাল হইতে কাহার দ্বারা ব্যবহৃত হইতেছে, তাহার একটি বিবরণী থাকিতে হইবে।

**৬। আবেদনপত্রের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলাদি ঃ**

(১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে এবং উহার সহিত নিম্নবর্ণিত তথ্য ও দলিলাদি সরবরাহ করিতে হইবে, যথা ঃ-

(ক) নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পণ্যের ভৌগোলিক নির্দেশক সম্পর্কিত একটি বিবৃতি-

(অ) পণ্যটি উৎপাদিত হইবার সুনির্দিষ্ট অঞ্চল বা এলাকা ;

(আ) উক্ত অঞ্চল, ভূখণ্ড বা ক্ষেত্রমত, এলাকায় উৎপাদিত হইবার ফলে পণ্যটিতে নিহিত সুনাম, গুণাগুণ ও অনন্য বৈশিষ্ট্য ;

(ই) উক্ত অঞ্চল, ভূখণ্ড বা, ক্ষেত্রমত, এলাকা সম্পর্কিত বিশেষ ভৌগোলিক আবহাওয়া, সহজাত প্রাকৃতিক ও মানবিক বিষয়াদি যাহা পণ্যটিকে স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য প্রদান করিয়াছে ; এবং

(ঈ) উৎপাদন পদ্ধতি ও উৎস ;

(খ) যে শ্রেণির পণ্যের ক্ষেত্রে ভৌগোলিক নির্দেশক প্রযোজ্য হইবে উহার নাম ;

(গ) পণ্য উৎপাদনকারী দেশের নির্দিষ্ট যে অঞ্চল, ভূখণ্ড বা এলাকায় পণ্যটি উৎপাদিত হয় উহার মানচিত্র ;

(ঘ) ভৌগোলিক নির্দেশক পণ্যসমূহকে নির্দেশ করে এমন কোন শব্দ বা চিহ্ন ;

(ঙ) নিবন্ধনের জন্য প্রস্তাবিত ভৌগোলিক নির্দেশক পণ্যটির উৎপাদনকারীগণ সম্পর্কিত বিবরণ ;

(চ) আবেদনকারী কিভাবে আইনের অধীন গঠিত সংশ্লিষ্ট ব্যক্তিসংঘ, উৎপাদনকারীগণের সংগঠন, সংস্থা বা কর্তৃপক্ষের স্বার্থের প্রতিনিধিত্ব করেন তৎমর্মে একটি হলফনামা ;

(ছ) ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য ব্যবহৃত কোন বিশেষ "স্ট্যান্ডার্ড বেঞ্চমার্ক" অথবা উৎপাদন, বাজারজাতকরণ, তৈরি ইত্যাদি সম্পর্কিত "শিল্প মানদণ্ড" থাকিলে তৎসম্পর্কিত দলিলাদি ;

(জ) ভৌগোলিক নির্দেশক পণ্যের মান, গুণাগুণ, মানের ধারাবাহিকতা বা বিশেষত্ব বজায় রাখিবার বা নিশ্চিৎকরণের জন্য পণ্যটির উৎপাদনকারী, কারিগর বা প্রস্তুতকারক কর্তৃক প্রয়োগকৃত পদ্ধতি (mechanism) সম্পর্কিত বিবরণ ;

(ঝ) আবেদনাধীন পণ্যের ভৌগোলিক নির্দেশক সংশ্লিষ্ট অঞ্চল, ভূখণ্ড বা এলাকার মানচিত্রের (মানচিত্র প্রকাশকের পদবি, নাম ও ইস্যুর তারিখ উল্লেখক্রমে) তিনটি প্রত্যায়িত কপি ;

(ঞ) আবেদনাধীন পণ্যের ভৌগোলিক নির্দেশক সংশ্লিষ্ট বিশেষ মানবিক দক্ষতা, ভৌগোলিক জলবায়ুর অনন্যতা অথবা অন্যান্য সহজাত বৈশিষ্ট্য সম্পর্কিত বিবরণ ;

(ট) সংশ্লিষ্ট পণ্যের উৎপাদনকারীগণের স্বার্থের প্রতিনিধিত্বকারী ব্যক্তিসংঘ, সংস্থা বা কর্তৃপক্ষের পূর্ণ নাম ও ঠিকানা ;

(ঠ) আবেদনে উল্লিখিত অঞ্চল, ভূখণ্ড বা এলাকায় সংশ্লিষ্ট পণ্যটির ক্ষেত্রে আবেদনাধীন ভৌগোলিক নির্দেশকের ব্যবহার নিয়ন্ত্রণের জন্য কোন পরিদর্শন ব্যবস্থা থাকিলে উহার বিবরণ ; এবং

(ড) আবেদনাধীন ভৌগোলিক নির্দেশক পণ্য ইতোমধ্যে নিবন্ধিত কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের সমনামীয় হইলে, আবেদনাধীন পণ্য ও ইতোমধ্যে নিবন্ধিত পণ্যের মধ্যে গুরুত্বপূর্ণ পার্থক্যজ্ঞাপক বৈশিষ্ট্যের বিবরণ এবং প্রতারণা বা ভোক্তাগণের বিভ্রান্তি রোধে গৃহীত প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কিত বিবরণ।

৭। **কনভেনশনভুক্ত ব্যবস্থার অধীন আবেদন ঃ**

(১) কনভেনশনভুক্ত কোন রাষ্ট্রের একজন আবেদনকারী কর্তৃক কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনের জন্য আবেদন করা হইলে উক্তরূপ আবেদনপত্রের সহিত কনভেনশনভুক্ত রাষ্ট্রের ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন অফিস যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত একটি সনদপত্র দাখিল করিতে হইবে এবং উক্ত সনদপত্রে ভৌগোলিক নির্দেশক পণ্যটির বিস্তারিত বিবরণসহ আবেদনপত্রটি দাখিলের তারিখ, রাষ্ট্রের নাম, কনভেনশনভুক্ত রাষ্ট্রে পণ্যটি প্রথম নিবন্ধনের তারিখ এবং মহাপরিচালক কর্তৃক চাহিত অন্যান্য বিষয়াদির বিবরণ অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) যেইক্ষেত্রে নিবন্ধনের আবেদন করিবার সময় উক্তরূপ সনদ উপস্থাপন না করা হয়, সেইক্ষেত্রে আবেদন করিবার ২(দুই) মাসের মধ্যে মহাপরিচালকের সন্তুষ্টি অনুযায়ী আবেদনটি পেশ করিবার তারিখ, উহার রাষ্ট্রের নাম, ভৌগোলিক নির্দেশক পণ্যটির বিবরণ, আবেদনপত্রে উল্লিখিত শ্রেণি এবং পণ্য সম্বলিত তথ্যাদি প্রত্যয়ন ও সত্যায়নপূর্বক পেশ করিতে হইবে।

(৩) আবেদনপত্রটি একই ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য এবং আবেদনপত্রের অধীন সকল অথবা আংশিক পণ্যের জন্য কনভেনশনভুক্ত রাষ্ট্রে আবেদনকারীর প্রথম আবেদন হইতে হইবে।

(৪) যেইক্ষেত্রে কনভেনশনভুক্ত রাষ্ট্র হইতে এক বা একাধিক শ্রেণির ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য একটিমাত্র আবেদনপত্র দাখিল করা হয়, সেইক্ষেত্রে উক্ত আবেদন নির্ধারিত ফরমে দাখিল করিতে হইবে।

**৮। আবেদনপত্রের প্রাপ্তি স্বীকার ঃ**

(১) আবেদনপত্রের নম্বর ও ভৌগোলিক নির্দেশক পণ্যের নাম উল্লেখপূর্বক মহাপরিচালক প্রাপ্তি স্বীকার নিশ্চিত করিবেন।

**৯। যোগাযোগের ঠিকানা ঃ**

প্রতিটি আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় দাখিল করিতে হইবে :

মহাপরিচালক
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প ভবন (৬ষ্ঠ তলা)
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
বাংলাদেশ
ফোন ঃ ৮৮-০২-৯৫৬০৬৯৬
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৫৬৫৫৬
ই-মেইল ঃ dg@dpdt.gov.bd
Web: www.dpdt.gov.bd

ভৌগোলিক নির্দেশক আবেদন নং-৫৫
আবেদনের তারিখ : ১৯-১২-২০২৩ খ্রিঃ

ভৌগোলিক নির্দেশক পণ্য "ভোলার মহিষের দুধের কাঁচা দই" যা শ্রেণি ২৯ এ অন্তর্ভুক্ত, তা নিবন্ধনের জন্য ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন, ২০১৩ এর ধারা ১২ অনুসারে জার্নালে প্রকাশ করা হলো।

ভৌগোলিক নির্দেশকের নাম ঃ "ভোলার মহিষের দুধের কাঁচা দই"

শ্রেণি ঃ ২৯

ক) আবেদনকারীর নাম ঃ জেলা প্রশাসক, ভোলা।

খ) ঠিকানাঃ জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা-৮৩০০।

গ) ব্যক্তি/উৎপাদক/ব্যক্তিবর্গ/সংগঠন/উৎপাদকের সংগঠন/সংস্থা/কর্তৃপক্ষের তালিকাঃ উৎপাদনকারীগণের তালিকা প্রদান করা হয়েছে। পরবর্তীতে তালিকায় আর ও উৎপাদনকারীর নাম সংযোজিত হতে পারে।

ঘ) প্রকার ঃ এক প্রকার।

ঙ) স্পেসিফিকেশন ঃ

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) কর্তৃক সম্পাদিত ভোলার মহিষের কাঁচা দুধের দইয়ের নিম্নলিখিত টেস্ট রেজাল্টগুলো সরবরাহ করা হয়েছে।

Condition of the test item : The Sample received for testing was in good Condition.

| SI Nos | Description of tests | Standard limits | Test Results | Reference test Method |
|---|---|---|---|---|
| 1. | Milk Fat Content, % m/m | Less than 15% | 7.14 | BDS 243:2015 |
| 2. | Milk Protein, % m/m | Min 2.70% | 6.67 | BDS 243:2015 |
| 3. | Titrable Acidity Expressed as Lactic Acid, % m/m | Min 0.60% | 0.77 | BDS 243:2015 |

**Remarks :** The Sample Conforms to the requirements of the specification in respect of the above tests.

চ) ভৌগোলিক নির্দেশক পণ্যের বর্ণনা

ধান-সুপারি-ইলিশের গোলা, এ তিনে ভোলা। শত বছর ধরে এ প্রবাদেই পরিচিত হয়ে আসছে দেশের একমাত্র দ্বীপ জেলা। ভৌগোলিক কারণে এখানকার প্রাকৃতিক সৌন্দর্য মন কাড়ে প্রকৃতি প্রেমীদের। সাগর আর নদীবেষ্টিত জেলার মানুষের জীবনমানে রয়েছে স্বতন্ত্র বৈশিষ্ট্য। খাবারেও রয়েছে নিজস্বতা। এরই অংশ হিসেবে এ জেলা পরিচিতি পেয়েছে মহিষের দুধের কাঁচা টক দই, যা স্থানীয়ভাবে 'মইষা দই' নামে পরিচিত। ভোলার ঐতিহ্যবাহী খাবার গুলোর মধ্যে এটি অন্যতম। বিয়ে, সামাজিক, পারিবারিকভোজ কিংবা উৎসব-পার্বণের খাবারে দই পরিবেশন অনেকটা আবশ্যকীয়। অসাধারণ পুষ্টিগুণ ও স্বাদের জন্য এ দইয়ের খ্যাতি জেলার গণ্ডি পেরিয়ে ছড়িয়ে পড়ছে দেশব্যাপী। ভোলাসহ দেশের উপকূলীয় অঞ্চলের মানুষের দৈনন্দিন জীবন ও অতিথি আপ্যায়নে গুরুত্বপূর্ণ মহিষের দুধের টক দই। স্থানীয় লোকজন খাবারের শেষে ভাতের সঙ্গে চিনি অথবা গুড় মিশিয়ে এই দই খায়। মহিষের দই চিড়া, মুড়ি ও চিনি মিশিয়েও খাওয়া হয়। পরিমাণ অনুযায়ী বিভিন্ন সাইজের দইয়ের হাঁড়ি ২৫০ টাকা থেকে শুরু করে ৩৫০ ও ৪০০ টাকায় বিক্রি হয়। গরমের মৌসুমে দইয়ের সঙ্গে হালকা পানি ও চিনি মিশিয়ে ঘোল তৈরি করেও বিক্রি করা হয় দোকানে দোকানে। এই ঘোল গরমের দিনে বেশ জনপ্রিয়।



চিত্র ০১: মহিষের বাথান




চিত্র ০২: মহিষ হতে দুধ সংগ্রহ



চিত্র ০৩: বাজারজাতকরণের উদ্দেশ্য দুধ সংগ্রহ




চিত্র ০৪: বাজারজাতকরণের উদ্দেশ্য দুধ সংগ্রহ



চিত্র ০৫: বাজারজাতকরণের উদ্দেশ্য মহিষা দুধ পরিবহন।



চিত্র ০৬: মহিষা দই তৈরির উদ্দেশ্য দুধ পরিষ্কার পাত্রে সংগ্রহ।



চিত্র ০৭: দই তৈরির জন্য মাটিরপাত্রে দুধ রাখা হচ্ছে।



চিত্র ০৮: মহিষা দই তৈরির জন্য মাটির পাত্রে বসানো হয়েছে।



চিত্র ০৯: বিক্রয়ের জন্য প্রস্তুতকৃত মহিষা দই।




চিত্র ১০: বিভিন্ন অনুষ্ঠানে পরিবেশনের জন্য মহিষা দই।



চিত্র ১১: অনুষ্ঠানে পরিবেশনের জন্য মহিষা দই।

**ছ) উৎপাদনের ভৌগোলিক এলাকা এবং মানচিত্র :**

জেলার দু'পাশ দিয়ে বয়ে যাওয়া মেঘনা ও তেঁতুলিয়া নদীর মধ্যে ছোট-বড় অর্ধশতাধিক চর রয়েছে। উক্ত চরগুলোতে এখন বাণিজ্যিকভাবে বাড়ছে মহিষ পালন। তন্মধ্যে ভোলার মাঝের চর, লালমোহনের চর, সৈয়দপুর, দেবীর চর, চরফ্যাশনের চর কচ্ছপিয়া অন্যতম। অনেকে আবার নিজস্ব মহিষের মাধ্যমে দুধ উৎপাদন করে দধি তৈরি করেন এবং বাজারজাত করেন।



মহিষের বাথান সারাদিন উন্মুক্ত চরে খাবার খায়। রাতে নির্দিষ্ট স্থানে রাখা হয় মহিষগুলোকে। সকালে মহিষ থেকে সংগৃহীত দুধ কিনে নেন গোয়ালরা। এরপর তা চলে যায় দধির কারিগরদের কাছে। জেলার চর সংলগ্ন স্থানীয় বাজারগুলোতে গড়ে উঠেছে অসংখ্য দধি তৈরিকারক এবং সেখানে উৎপাদিত দধি চলে যাচ্ছে জেলার বিভিন্ন স্থানসহ দেশের বিভিন্ন স্থানে।

**জ) উৎসের প্রমাণ :**

বাংলাদেশের অন্যান্য জেলা কিংবা অঞ্চলে দই উৎপাদিত হলেও কিছু বিশেষত্বের কারণে 'ভোলার মহিষের দুধের কাঁচা দই' এর খ্যাতি দেশজুড়ে। উৎপাদন ব্যবস্থার প্রতিটি পর্যায়ে কারিগরদের (উৎপাদক) বিশেষ পদ্ধতি অনুসরণের পাশাপাশি মান নিয়ন্ত্রণের ক্ষেত্রে তারা যত্নবান হওয়ায় 'ভোলার মহিষের দুধের কাঁচা দই' স্বাদে-গুণে তুলনাহীন। এছাড়াও, অন্যান্য জেলা কিংবা অঞ্চলে দই সাধারণত গরুর দুধ থেকে উৎপাদিত হলেও ভোলাতে শুধুমাত্র মহিষের দুধ থেকে দই উৎপাদিত হয়। কবে থেকে ভোলায় মহিষের কাঁচা দই খাওয়ার প্রচলন তার সঠিক তথ্য পাওয়া যায় না। তবে বিভিন্ন সময়ে প্রকাশিত তথ্য থেকে জানা যায়, খাবারটি কয়েকশ বছরের ঐতিহ্য বহন করছে। তবে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং তথ্য প্রযুক্তির হাত ধরে এর ব্যাপক প্রচার ও প্রসার ঘটেছে।

ভোলা শহরের ঘোষপট্টিসহ বিভিন্ন এলাকায় অর্ধশতাধিক প্রসিদ্ধ দইয়ের দোকান গড়ে উঠেছে। এমন একটি প্রতিষ্ঠান আদর্শ দধি ভান্ডার। প্রজন্ম থেকে প্রজন্মে চলে আসা ব্যবসার হাল ধরেছেন আবদুল হাই। তিনি জানান, দিনের শুরুতেই নিজস্ব শ্রমিকের মাধ্যমে বিভিন্ন চর থেকে নির্ভেজাল দুধ সংগ্রহ করা হয়। পরে পোড়া মাটির বিশেষ টালিতে (হাঁড়ি) করে বসানো হয় দই। কোনো কিছুর মিশ্রণ ছাড়াই ১২ থেকে ১৮ ঘণ্টার মধ্যে কাঁচা দুধ ক্ষীরের মতো বসে যায়।

**ঝ) উৎপাদনের পদ্ধতি :**

ভোলার মহিষের দুধের দধি তৈরিতে তেমন কোনো বাড়তি ঝামেলা নেই। শুধু কাঁচা দুধটা ছেঁকে মাটির পাত্রটি (টালি) পরিষ্কার করে তাতে দুধ ঢেলে বসিয়ে দিলেই ১৮-২০ ঘণ্টার মধ্যে দধি হয়ে যায়।

সাধারণত উন্মুক্ত চরে ঘাস খাওয়া মহিষগুলো হতে গোয়াল অথবা নিজস্ব শ্রমিকের মাধ্যমে মহিষের খাঁটি কাঁচা দুধ সংগ্রহ করে দধির কারিগররা। তারপর কাঁচা দুধকে ভালোভাবে ছেঁকে শুকনোভাবে পরিষ্কার করা বিভিন্ন সাইজের পোড়া মাটির বিশেষ টালিতে করে কোন নিরাপদ জায়গায় স্থিরভাবে রেখে দিলেই তৈরি হয়ে যাবে মুখরোচক টকদই। গরমের দিনে সাত থেকে আট ঘন্টা এবং শীতের দিনে দশ থেকে বারো ঘন্টার মধ্যে কাঁচা দুধ ক্ষীরের মতো বসে যায়। অতঃপর তৈরি হয়ে যায় ভোলার ঐতিহ্যবাহী কাঁচা টক দই। পরবর্তীতে সম্পূর্ণ নিজস্ব পদ্ধতিতে তা বেঁধে দেওয়া হয় যাতে সহজেই পরিবহন করা যায় দূর-দূরান্তে।

**ঞ) অনন্য বৈশিষ্ট্য :**

ভোলার মহিষের দইয়ে সাধারণত প্রোবায়োটিক ব্যাকটেরিয়াসহ বিভিন্ন উপকারী ব্যাকটেরিয়া থাকে। এগুলো হজম ও মস্তিষ্কের কার্যক্রমের উন্নতিতে সহায়তা করে। এ ছাড়া মহিষের দইয়ে ক্যালসিয়াম, ভিটামিন বি কমপ্লেক্স ও ফসফরাস থাকায় তা হাড় ও দাঁত মজবুত করে। শরীরের ওজন ও কোলেস্টেরল কমাতেও সাহায্য করে।

**ট) বাণিজ্যের প্রধান অঞ্চল :** সমগ্র ভোলা জেলা, বরিশাল, লক্ষ্মীপুর, পিরোজপুর, বরগুনা, নোয়াখালী, ফরিদপুর, কুমিল্লা, চট্টগ্রাম, খুলনা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, চাঁদপুর, ফেনী ও ঢাকা। এছাড়া দেশের অন্যান্য জেলায় মুখরোচক খাবার হিসেবে মানুষের প্রিয় খাবার ভোলার মহিষের দুধের দধির সুনাম রয়েছে।

**ঠ) পরিদর্শন কর্তৃপক্ষ :** বিএসটিআই

**ড) ব্যবহারকাল :** আবহমান কাল হতে অব্যাহতভাবে ব্যবহার হয়ে আসছে।

উৎপাদকের তালিকা ঃ
উপজেলার নাম ঃ ভোলা সদর

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মোসলেউদ্দিন, পিতা- আঃ মুনাফ | ভোলা সদর | ০১৭১৯২৩৫৭৩ | |
| ২ | মোঃ আঃ জলিল, পিতা- মৃত মোফাজ্জল হোসেন হাওলাদার | ভোলা সদর, ভোলা | ০১৭৫০০৮৯০৪৭ | |
| ৩ | মদন ঘোষ, পিতা-মৃত কেসব ঘোষ | ভোলা সদর, ভোলা | ০১৭১২৫৭১৬২১ | |
| ৪ | মাওঃ তারিক জামিল, পিতা- মৃত আঃ ছাত্তার কবির | ঘোষপট্টি | ০১৭৬১৮৫২৭৯৯ | |
| ৫ | মোঃ হাবিবুর রহমান, পিতা- আঃ কাদের | ঘোষপট্টি | ০১৭৩২৯১১৬৮৫ | |
| ৬ | মোঃ রাজিব,পিতা-মোঃ আলাউদ্দিন | ঘোষপট্টি | ০১৭১৬৩৯৯৩২৮ | |
| ৭ | ঝন্টু ঘোষ, পিতা-মৃত সতিস ঘোষ | ঘোষপট্টি | ০১৭৯০৬২১৬৪৯ | |
| ৮ | মোঃ শেখ ফরিদ, পিতা- রফিজল হক | ঘোষপট্টি | ০১৭৬৫৬৩১৬৮৯ | |
| ৯ | মোঃ হাছান, পিতা-নুরুল ইসলাম | কাঁচা বাজার | ০১৭৭৯৫১৮৩৬৪ | |
| ১০ | আঃ হাই, পিতা- আঃ কাদের | গাজীপুর রোড | ০১৭১৬৩৩০৯০০ | |
| ১১ | আঃ ছত্তার, পিতা-কাদের মিয়াজী | গাজীপুর রোড | ০১৭১১০২৪০৭৪ | |
| ১২ | বিশ্বজিদ গুহ, পিতা-পরেশ গুহ | নতুন বাজার | ০১৭১৬১৯৫৮৬০ | |
| ১৩ | মোঃ ইব্রাহিম, পিতা-নজির আহম্মেদ | নতুন বাজার | ০১৭২৫৭৬৪৫৬৪ | |
| ১৪ | মোঃ আমজাদ হোসেন, পিতা-সুলতান আহম্মেদ | খলিফা পট্টি | ০১৭১৫৬৪৮০৪৯ | |
| ১৫ | সেলিম, পিতা-সুলতান আহম্মেদ | খলিফা পট্টি | ০১৯৩৭০৯১৩৬৭ | |
| ১৬ | মোঃ ইসমাইল, পিতা-মৃত মোঃ নুর ইসলাম | খলিফা পট্টি | ০১৭১০৩৭০৮২১ | |
| ১৭ | হাফিজ নুরজ্জামান,পিতা- মোঃ হামিদ আলী | খলিফা পট্টি | ০১৭৩৯৮৫৬৪৪৯ | |
| ১৮ | মোঃ রুহুল আমিন, পিতা-নুরুল ইসলাম | যুগির ঘোল | ০১৯৩৭০১৯২১৪ | |
| ১৯ | মোঃ সোয়েব, পিতা-সফিউদ্দিন | যুগির ঘোল | ০১৭১৬৭৬৯৩৭৮ | |
| ২০ | দুলাল মাতাব্বর,পিতা-রতন মাতুব্বর | ভেলুমিয়া | ০১৭১৬৬০১৯৬ | |
| ২১ | জসিম, পিতা-মালেক কবিরাজ | ভেলুমিয়া | ০১৮৬৬৬০৫৮৫৮ | |
| ২২ | মোঃ হেলাল ঘোষ,পিতা-ছত্তার ঘোষ | ভেলুমিয়া | ০১৭৫৩২৩০২০৫ | |
| ২৩ | মোঃ মোস্তফা, পিতা- মোঃ আফসার আলী | ভেলুমিয়া | ০১৭০৫৫৩৫৮৮৩ | |
| ২৪ | মোঃ মোস্তফা, পিতা-বজলু খান | ভেলুমিয়া | ০১৭২৮৪৫৭১৭২ | |
| ২৫ | মোঃ খোকন, পিতা-মৃত আঃ রব মিয়া | ভেলুমিয়া | ০১৭১৭৬৮৬৬৪৫ | |
| ২৬ | মোঃ শাহে আলম, পিতা-আছমত আলী | ভেলুমিয়া | ০১৭০৩৫২৮৯৮৫ | |
| ২৭ | মোঃ মুনছুর, পিতা-ইসমাইল | ব্যাংকের হাট | ০১৭১২৯৫০৭৫৩ | |
| ২৮ | আলাউদ্দিন, পিতা- তছির বেপারী | শিবপুর | ০১৭১০৭৭২৫৫৩ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯ | জোবায়ের, পিতা- কামাল | শিবপুর | ০১৭১৪৭৭৭১০৭ | |
| ৩০ | শামসুদ্দিন, পিতা-মোঃ সিরাজ | শিবপুর | ০১৭২৫৯২৭৬৭১ | |
| ৩১ | ইয়ামিন মাঝি, পিতা-মৃত তোফাজ্জল হোসেন | শিবপুর | ০১৭৬৬৮২২১৮৩ | |
| ৩২ | মোঃ ইউসুফ, পিতা- বাসু বেপারী | শিবপুর | ০১৭৪৫৬২০২৯০ | |
| ৩৩ | মোঃ বাবুল গরানী, পিতা-দৈমদ্দিন | বটতলা বাজার, দক্ষিণ দিঘলদী | ০১৭৪২৯৩৯৯১১ | |
| ৩৪ | মরন বাবু, পিতা- দিনেশ চন্দ্র শাহা | বটতলা বাজার, দক্ষিণ দিঘলদী | ০১৭৭০০৪১৪৯৪ | |
| ৩৫ | মোঃ রুহুল আমিন, পিতা-বশির মোলা | শান্তির হাট বাজার | ০১৭৫৬৯৪০৮৯০ | |
| ৩৬ | মোঃ আকতার কানাই, পিতা-জেবল কানাই | শান্তির হাট বাজার | ০১৭৪০৭৭৫৫৭৩ | |
| ৩৭ | মোঃ রুবেল ফকির, পিতা- আঃ সাত্তার | বাংলা বাজার | ০১৭৬৪৫২০৫৭৩ | |
| ৩৮ | স্বপন, পিতা-কামাল | ঘুইংগার হাট | ০১৭৩০৫১৬৭৮৪ | |
| ৩৯ | মামুন, পিতা-নুরনবী | ঘুইংগার হাট | ০১৭৭২৬৭৫৭৬৭ | |
| ৪০ | আমির হোসেন, পিতা- রুহুল আমিন | ঘুইংগার হাট | ০১৭৮০৩৭২৩০৯ | |
| ৪১ | আঃ রব, পিতা-সেরু কানাই | বেড়ীর হাট ,উত্তর দিঘলদী | ০১৭৭২৬৭৮৯১৯ | |

উপজেলার নাম ঃ দৌলতখান

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ কামাল<br>পিতা-শাহে আলম | ০২ নং ওয়ার্ড, পৌরসভা,<br>দৌলতখান, ভোলা। | ০১৭২০১৬৮৬৯৩ | |
| ২ | জনাব মোঃ আলাউদ্দিন<br>পিতা-মোঃ মোস্তাফিজুর রহমান | ০৩ নং ওয়ার্ড, চরখলিফা ইউনিয়ন<br>পরিষদ, দৌলতখান, ভোলা। | ০১৭২০১২২২৯৫ | |
| ৩ | জনাব মোঃ জহির ভূইয়া<br>পিতা-সাহে আলম ভূইয়া | ০৪ নং ওয়ার্ড, পৌরসভা,<br>দৌলতখান, ভোলা। | ০১৭৮১৪৯৮১৫৫ | |
| ৪ | জনাব মোঃ খোকন বাবু<br>পিতা-ববরঞ্জন | ০৪ নং ওয়ার্ড, পৌরসভা,<br>দৌলতখান, ভোলা। | ০১৮৩৩৬০৬২১৬ | |
| ৫ | জনাব মোঃ ছালাউদ্দিন<br>পিতা-হাবিবুলাহ | ০৫ নং ওয়ার্ড, পৌরসভা,<br>দৌলতখান, ভোলা। | ০১৭৯৮৫৭৮৯৯ | |
| ৬ | জনাব মোঃ মনির পাটওয়ারী<br>পিতা-আমির হোসেন পাটওয়ারী | ০৯ নং ওয়ার্ড, পৌরসভা,<br>দৌলতখান, ভোলা। | ০১৯১৮৯৯২১৮৫ | |

উপজেলার নাম ঃ বোরহানউদ্দিন

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | হাজী নেজামুল হক | গ্রাম: হাসাননগর, হাসাননগর ইউপি, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭১১২৩২৪১৪ | |
| ২ | মো: জসীম উদ্দিন | রিয়াজনগর, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭১২৫৯৬৬০১ | |
| ৩ | মো: জাকির হাং | দালালপুর, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭১১৪৭১৮১২ | |
| ৪ | মো: রফু | হাসাননগর, হাসাননগর ইউপি, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৮৩৬৫৭৭৯৭২ | |
| ৫ | মো: তামিম | খানিভাঙ্গা, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭২৯৩৩০৭২৫ | |
| ৬ | সাহে আলম | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৯২৩৮৯৩৪৮৮ | |
| ৭ | মো: মিজান | ধানিভাঙ্গা, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭৩৩৪৯০৩৮৪ | |
| ৮ | মো: ফরিদ | ধানিভাঙ্গা, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭১৯০৫৯৮০৪ | |
| ৯ | মো: মোজাম্মেল | জয়া, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭১৮৫৩৫৬৪৩ | |
| ১০ | মো: মোসারেফ | জয়া, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭১৯৭৬৪৩৩৪ | |
| ১১ | মো: হারুন | ধারিয়া, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭৬৫০৫৭৯৩৭ | |
| ১২ | মো: আব্বাস | জয়া ৪নং, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৩২১৯২৭১৪৮ | |
| ১৩ | মো: বাচ্চু | জয়া, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭২৪৪৯৯৮৮০ | |
| ১৪ | মো: নাছির মাতাব্বর | ৪নং জয়া, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭৭১৬৪৩৩৮৯ | |
| ১৫ | কালাম দারোগা | ছোটমানিকা | ০১৩১৯৮১১৩৭২ | |
| ১৬ | আবু শিকদার | বাথানবাড়ি | ০১৯৬৩৮০০৫৬৩ | |
| ১৭ | মনিরুল | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৯৯৮৪৬৯১২২ | |
| ১৮ | মিজান দেওয়ান | চর আলগী, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৯২৭০৩২৬৫২ | |
| ১৯ | রিয়াজ | চর আলগী, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৯২১২৫২১১৯ | |
| ২০ | মফিজ | চর আলগী, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৯৭৭৫৫৮২৯৫ | |
| ২১ | জামাল | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৩০৪০৮৬৫২৩ | |
| ২২ | শহিদুল | বাথানবাড়ি, ভোলা। | ০১৭২৪৮৭৫১২৯ | |
| ২৩ | লালমিয়া | দরুন, সাচড়াইউপি, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭৭২১৩০২০৭ | |
| ২৪ | মো: বাবুল খা | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯১৫১১০৫১৯ | |
| ২৫ | মো: চানমিয়া | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা | ০১৭৭২১৩০২০৭ | |
| ২৬ | মো: রাজ্জাক | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯০৫৭৯১২৮৫ | |
| ২৭ | মো: জালাল শিউলি | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা | ০১৭৭৫৩৭৪৮৪২ | |
| ২৮ | মো: ছিডু খা | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা | ০১৪০৫৭৪৩৬২০ | |

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২৯ | মো: জাহাঙ্গির | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯৪৯০০৩৭৮৬ | |
| ৩০ | মোহাম্মাদ আলী | সাচড়া, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯১২০৭১৫৫৬ | |
| ৩১ | মো: আনছার | গোবিন্দপুর, সাচড়াইউপি, বোরহানউদ্দিন, ভোলা | ০১৭৭৬৯৩৭৮৫৬ | |
| ৩২ | মহিউদ্দিন | বাথানবাড়ি, সাচড়াইউপি, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯৮৬৩৭৭২১০ | |
| ৩৩ | আ: রহমান | বাথানবাড়ি, সাচড়াইউপি, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯৮২৯২৮১৮ | |
| ৩৪ | আসাদুলাহ | বাথানবাড়ি, সাচড়াইউপি, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯৩৩৫১১০৬৪ | |
| ৩৫ | মহাসিন | বাথানবাড়ি, সাচড়াইউপি, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯৬৯০৫০৩০৯ | |
| ৩৬ | ফিরোজ | সাচড়াইউপি, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯৫৩১৫১৬৩৬ | |
| ৩৭ | সাত্তার | সাচড়াইউপি, বোরহানউদ্দিন, ভোলা | ০১৯১১২১৮৩৪১ | |
| ৩৮ | খালেক | দরুন, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৯২৫২৮৪৯৬১ | |
| ৩৯ | মিজানুর | দরুন, বোরহানউদ্দিন, ভোলা। | ০১৭০৬৯০১০৬৬ | |

উপজেলার নাম ঃ তজুমদ্দিন

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মোঃ নুর ইসলাম (বাবুল)<br>পিতাঃ মোঃ সেলামত উল্যা ভূইয়া | শশীগঞ্জ, পোঃ হাট শশীগঞ্জ,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৭৮৬৩০৩৫৭২ | |
| ২ | মোঃ আব্দুল মন্নান<br>পিতাঃ মোঃ জবেদ আলী দালাল | কান্দি, পোঃ হাট শশীগঞ্জ, তজুমদ্দিন,<br>ভোলা। | ০১৭৫১২৮৯৬২০ | |
| ৩ | মোঃ শফিক<br>পিতাঃ মোঃ গেদু ফকির | দক্ষিণ চাপড়ী, পোঃ হাট শশীগঞ্জ,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৭২৯৪৮১৫০৩ | |
| ৪ | মোঃ আলমগীর<br>পিতাঃ মোঃ আছমত আলী | শশীগঞ্জ, পোঃ হাট শশীগঞ্জ,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৮৬৩৮৯৫৫১৮ | |
| ৫ | লক্ষণ বিশ্বাস<br>পিতা ঃ মন্টু বিশ্বাস | শশীগঞ্জ, পোঃ হাট শশীগঞ্জ,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৭৪৭৪৯৮১৩৮ | |
| ৬ | মোঃ মনছুর মিয়া দক্ষিণ খাসের হাট,<br>পিতাঃ ইউনুছ মিয়া | পোঃ খাসের হাট, তজুমদ্দিন,<br>ভোলা। | ০১৭১৬৪২০৪৫৭ | |
| ৭ | মোঃ ছালাউদ্দিন দক্ষিন চাপড়ী,<br>পিতাঃ সফিকুল ইসলাম | পোঃ হাট শশীগঞ্জ,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৭২৪৩০৩৪৮৩ | |
| ৮ | মোঃ মনির<br>পিতাঃ সফিকুল ইসলাম | সোনাপুর, পোঃ চাপড়ী,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৭২৯৪৮১৪০৩ | |

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৯ | শাহ মিরাজ উত্তর<br>পিতাঃ ইউসুফ সাজী | চাপড়ী, পোঃ চাপড়ী,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৭৫০৪০১৩১৩ | |
| ১০ | নুরনবী পিতাঃ মৃত নুর ইসলাম | দক্ষিণ চাপড়ী, পোঃ চাপড়ী,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৭৩২৮৬৩৬০৯ | |
| ১১ | মোঃ শফিক<br>পিতাঃ মৃত মফিজুল ইসলাম | দক্ষিণ চাপড়ী, পোঃ চাপড়ী,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৩২৫২৫০৩২০ | |
| ১২ | বিকাশ চন্দ্র নন্দী পতাঃ ব্রজলাল নট্ট | গোলকপুর, পোঃ গোলকপুর,<br>তজুমদ্দিন, ভোলা। | ০১৭৭৭৫৭১৬৬৫ | |

উপজেলার নাম ঃ লালমোহন

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | মোঃ নুরনবী,<br>পিতা-মোঃ ওমর আলী | সাং: ধলিগৌরনগর ৫ নং ওয়ার্ড,<br>লালমোহন, ভোলা | ০১৭২৪-৫০০৪৯৮ | |
| ০২. | আঃ রহিম,<br>পিতা-মফিজুল ইসলাম | সাং: ধলিগৌরনগর ৯ নং ওয়ার্ড,<br>লালমোহন, ভোলা | ০১৭৩৬-৯১০১৮০ | |
| ০৩. | মোঃ নান্নু মিয়া, পিং-মোঃ ইউনুছ | সাং: গজারিয়া, লালমোহন, ভোলা। | ০১৭৪০৫৮০০০৫ | |
| ০৪. | মোঃ ইউনুছ, পিং- মঞ্জু মিয়া | সাং: চতলা, লালমোহন, ভোলা। | ০১৭১৭৭২৫৫৯৫ | |
| ০৫. | মোঃ ফারুক, পিং হাসিম | সাং বাউরিয়া, লালমোহন, ভোলা। | ০১৩০৪১৩২৮০২ | |
| ০৬. | মোঃ মফিজ, পিং-ইসমাইল | সাং: চতলা, লালমোহন, ভোলা। | ০১৭৩৩১৫৪৪৬২ | |

উপজেলার নাম ঃ চরফ্যাশন

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | মোঃ আবু মিয়া<br>পিতা- মোঃ সামছুল দেওয়ান | আবুবকরপুর ০৯নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭৩০৬৮৬৩৫০ | |
| ০২. | মোঃ আবু তাহের ফরাজী<br>পিতা- আঃ রশিদ | চরফ্যাশন পৌরসভা ০৭নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭১৭৮৫৯৯৮৯ | |

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৩. | আবুল কাশেম<br>পিতা- আবু মিয়া | চরফ্যাশন পৌরসভা ০৫নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭৩৪০৪৭৭৭৩ | |
| ০৪. | মোঃ ফিরোজ শাহা<br>পিতা- মোঃ শাজাহান শাহ | চরফ্যাশন পৌরসভা ০৮নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭১৬৭৪৩৭৪০ | |
| ০৫. | মোঃ শাকিল<br>পিতা- সেলিম খান | চর নাজিমুদ্দিন ০৮নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৩১১৭৪৪৩৬১ | |
| ০৬. | মোঃ শাহেদ আলী<br>পিতা- তৈজল দেওয়ান | আবুবকরপুর ০৯নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭৭১৫৩৬৭৭০ | |
| ০৭. | মোঃ নিয়াজ<br>পিতা- তোফাজ্জল হোসেন দেওয়ান | আবুবকরপুর ০৯নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭০৬২৩৭৯৪১ | |
| ০৮. | মোঃ আবুল বশার<br>পিতা- আঃ কুদ্দুছ | চরফ্যাশন পৌরসভা ০৮নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭২৫৭২৮২০২ | |
| ০৯. | রুহুল আমিন<br>পিতা- আছলাম মিয়া | চরফ্যাশন পৌরসভা ০৮নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭৮১৮০১০৬৫ | |
| ১০. | মোঃ জাকির হোসেন<br>পিতা- মোশারেফ হোসেন | চরফ্যাশন পৌরসভা ০২নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭২৭১৯৫২৫১ | |
| ১১. | মোঃ সোহেল<br>পিতা- মজিবল হক | চর মাদ্রাজ ০৩নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৩০০২৮০৯৬৭ | |
| ১২. | মোঃ বেলাল হোসেন<br>পিতা- মোঃ হাবিবুল্যাহ | চরফ্যাশন পৌরসভা ০৫নং ওয়ার্ড,<br>চরফ্যাশন, ভোলা | ০১৭২১২৮৮৪১২ | |

উপজেলার নাম ঃ মনপুরা

| ক্র নং | নাম ও পিতার নাম | ঠিকানা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | নিতাই চন্দ্র পাল,<br>পিং- ক্ষিরদ চন্দ্র পাল | কোড়ালিয়া বাজার, দক্ষিণ সাকুচিয়া ইউপি | ০১৭৫২১০৩৬২৩ | |
| ২ | নিদুল চন্দ্র পাল,<br>পিং- অমৃত চন্দ্র পাল | কোড়ালিয়া বাজার | ০১৭৩১৪০৭৯৬৪ | |
| ৩ | মোঃ মাজেদ,<br>পিং- আব্দুল মালেক | সিরাজগঞ্জ | ০১৭৩১৪৮৯৫৮৬ | |
| ৪ | মোঃ নুরুদ্দিন,<br>পিং- আঃ মালেক | চরগোয়ালিয়া, উত্তর সাকুচিয়া ইউপি | ০১৭০১৯৯৬৭৭৯৮ | |
| ৫ | মোঃ সোহেল,<br>পিং- মোঃ নাছির | উত্তর সাকুচিয়া | ০১৬০৮৫৬৯১১৮ | |
| ৬ | জয় গোপাল পাল,<br>পিং- মতিলাল পাল | বাংলাবাজার | ০১৭৩৩৮৩৯৩৯৩ | |
| ৭ | সত্যজিৎ চন্দ্র দাস | | | |
| ৮ | পিং- ইন্দ্রজিৎ চন্দ্র দাস | সোনারচর, হাজিরহাট ইউপি | ০১৭৩৬৫৪৫৭২৫ | |
| ৯ | রাধেশ্যাম চন্দ্র দাস | | | |
| ১০ | পিং- ধীরেন্দ্র চন্দ্র দাস | সোনারচর | ০১৭৮৩৭৬৫৬৯ | |
| ১১ | দুলাল চন্দ্র পাল | | | |
| ১২ | পিং- মতিলাল পাল | সোনারচর | ০১৭১৯৮৩৪৭৩৫ | |
| ১৩ | জগদ্বিশ পাল | | | |
| ১৪ | পিং- মতিলাল পাল | সোনারচর | ০১৭২৫১৭২৯১৭ | |
| ১৫ | রিকসন চন্দ্র দাস | | | |
| ১৬ | পিং- শরৎ চন্দ্র দাস | সোনারচর | ০১৭৮১১৮৩৪৪৯৮ | |
| ১৭ | লিটন ঘোষ,<br>পিং- শরৎ চন্দ্র দাস | সোনারচর | ০১৯১১৫৬৩৬৫২ | |
| ১৮ | জুয়েল চন্দ্র দাস | | | |
| ১৯ | পিং- দিলীপ কুমার দাস | দাসের হাট | ০১৭৪৮৭২৬০০৬ | |
| ২০ | জীবন চন্দ্র দাস,<br>পিং- চিত্র ঘোষ | দাসের হাট | ০১৭৭৮০১৬৫৩০ | |
| ২১ | বিকাশ চন্দ্র দাস | | | |
| ২২ | পিং- কৃষ্ণ মোহন দাস | দাসের হাট | ০১৭৫৩০৯৭৮৩৮ | |
| ২৩ | সুভাষ চন্দ্র দাস | | | |
| ২৪ | পিং- গোপাল চন্দ্র দাস | চর ফৈজুদ্দিন | ০১৭০৩৮১৩২৮৩ | |
| ২৫ | নিদুল চন্দ্র দাস | | | |

রেফারেন্স:


১. https://www.ajkerbhola.com/27544

২. https://bangladeshtimes.com/details/35188/২০০-বছরের-ঐতিহ্যবাহী-ভোলার-মহিষের-দই

৩. https://www.ittefaq.com.bd/614624/২০০-বছরের-ঐতিহ্য-ভোলার-মহিষের-দই

৪. https://www.haal.fashion/food/jt7h1p5eq6

৫. https://www.kalerkantho.com/print-edition/last-page/2023/06/18/1291300

৬. https://www.ntvbd.com/lifestyle/ভোলার-বিখ্যাত-মহিষের-দুধের-টক-দই-978289

৭. https://www.ajkerdarpon.com/index.php/news/200-bchrer-oitihz-volar-mhisher-d

৮. https://samakal.com/kisualonil/article/227921/২০০-বছরের-ঐতিহ্যবাহী-দই

৯. https://www.amadershomoy.com/lifestyle/article/24257/২০০-বছরের-ঐতিহ্য-ভোলার-মহ#google_vignette

১০. https://www.shiromoni.com/ভোলার-ঐতিহ্যবাহী-মহিষের

১১. https://dailybanglarkantha.com/news/12429/ভোলায়-প্রতি-বছর-বিক্রি-হচ্ছে- ২০৪-কোটি-টাকার-দধি

১২. https://www.dainikbogura.com/lifestyle/news/40173

১৩. https://dailybanglarkantha.com/news/5227/দেশব্যাপী-খ্যাতি-ভোলার-টক-

১৪. https://dmpnews.org/ভোলার-মহিষের-দুধের-কাঁচা/

১৫. https://bangla.dhakatribune.com/feature/42081/উপকূলের-খামার-থেকে-শহুরে-ডেজার্টে-'ভৈষা-দই'


গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস-সিডিপি শাখা-খ-১৬৫৫/২৩-২৪/শিল্প-১৩-০৪-২০২৪-২০০ বই।

## LIST OF AGENTS

1. Messrs Book Syndicate,
157, Government New Market, Dhaka.

2. Messrs Warshi Book Corporation,
14, Bangabandhu Avenue, Dhaka.

3. Bangladesh Co-operative Book Society,
150, Government New Market, Dhaka.

4. Messrs K.R. & Co.,
73, Abul Hassnat Road, Dhaka.

5. Bangladesh Subscription Service,
64, Purana Paltan, Dhaka.

6. Messrs Mohiuddin & Sons,
143, Government New Market, Dhaka.

7. Messrs Hasanat Library,
4, N. S. Road, Kushtia.

8. Messrs Current Book Stall,
Jessore Road, Khulna.

9. Messrs Current Book Mohal,
Jalsa Cinema, Jubilee Road, Chittagong.

10. Messrs Khoshroj Kitab Mohal,
15, Bangla Bazar, Dhaka.

11. Messrs New Front Bipani Bitan,
New Market, Chittagong.

**For official use only**

Printed by: Dr. Mohammad Mofizur Rahman, Deputy Director (Deputy Secretary)
Government Printing Press, Tejgaon, Dhaka.
Published by: Md. Nazrul Islam, Deputy Director (Deputy Secretary)
Bangladesh Forms and Publication Office, Tejgaon, Dhaka.